

সরকার উচ্চ শিক্ষার পথ সহজ করেছে

—শিক্ষামন্ত্রী /

■ দক্ষিণ সুরমা (সিলেট) সংবাদদাতা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমান সরকার উচ্চশিক্ষা গ্রহণের পথ সহজতর করে দিয়েছে। একসময় উচ্চ শিক্ষার জন্য সিলেটে যেতে হতো। আর এখন বাড়ি থেকে যাতায়াত করে বিয়ানীবাজার সরকারি কলেজে অধ্যয়ন করেই অনার্স ও মাস্টার্স ডিগ্রি অর্জন করা সম্ভব হচ্ছে। কিছুদিন পূর্বেও তা ছিল কল্পনার। তিনি বলেন, আমরা চাই তরুণ প্রজন্ম সুশিক্ষিত হোক। উচ্চশিক্ষা গ্রহণ করে তারা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দেশের সম্মান বয়ে আনুক।

শিক্ষামন্ত্রী নাহিদ বৃহস্পতিবার সকালে বিয়ানীবাজার সরকারি কলেজে বাংলা, অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্স কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধনী ও কলেজের ম্যাগাজিন 'অন্বেষা'-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।